তারিখ 26 APR 2016
পৃষ্ঠা ৩ কলাম [illegible]

দৈনিক
আমাদের সময়

# মোহাম্মদ সাদিক পিএসসির নতুন চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদক ● বাংলাদেশ সরকারি কর্মকমিশনের (পিএসসি) নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন পিএসসির সদস্য ও সাবেক সচিব ড. মোহাম্মদ সাদিক। গতকাল জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নিয়োগের আদেশ জারি করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়, সংবিধানের ১৩৮ (১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি চেয়ারম্যান হিসেবে মোহাম্মদ সাদিককে নিয়োগ দিয়েছেন। পিএসসির সদস্য হিসেবে দায়িত্ব পালনরত ড. মোহাম্মদ সাদিক ওই পদ থেকে এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## মোহাম্মদ সাদিক পিএসসির

(৩ এর পৃষ্ঠার পর) পদত্যাগ করা সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে। মোহাম্মদ
সাদিক ইকরাম আহমেদের স্থলাভিষিক্ত হচ্ছেন। পিএসসির চেয়ারম্যান হিসেবে
ইকরাম আহমেদের মেয়াদ শেষ হয় গত ১৩ এপ্রিল।

নিয়োগের বিষয়ে নতুন চেয়ারম্যান গতকাল দুপুরে বলেন, বিষয়টি জানতে
পেরেছি। শপথ নেওয়ার পর পিএসসি নিয়ে বিভিন্ন পরিকল্পনার কথা জানাব। সবার
সহযোগিতা ও দোয়া চাই।

সাংবিধানিক পদ পিএসসির চেয়ারম্যান হিসেবে শিগগির প্রধান বিচারপতির কাছে
শপথ নিয়ে দায়িত্ব গ্রহণ করবেন। নিয়োগের তারিখ থেকে পরবর্তী ৫ বছর অথবা
বয়স ৬৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত (যেটি আগে আসে) ড. মোহাম্মদ সাদিক এ পদে
দায়িত্ব পালন করবেন। অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগরত অবস্থায় ড. মোহাম্মদ
সাদিক ২০১৪ সালের ২৭ অক্টোবর পিএসসির সদস্য হিসেবে নিয়োগ পান।

বিসিএস প্রশাসন ক্যাডারের ১৯৮২ ব্যাচের কর্মকর্তা মোহাম্মদ সাদিক পিএসসির
সদস্য পদে যোগদানের আগে সরকারের শিক্ষাসচিব ছিলেন। এর আগে নির্বাচন
কমিশনের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন তিনি।